

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সুশাসন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৮১১.১৪.০০৭.১৮.৩৪

তারিখ : ১৩ ফাল্গুন ১৪২৫
২৫ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: ToT প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়ন সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ ও ইউরোপিয়ান ইউনিয়নের যৌথ অর্থায়নে ব্রিটিশ কাউন্সিলের মাধ্যমে Platforms for Dialogue (P4D) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে- বিভিন্ন পর্যায়ে গণতান্ত্রিক প্রক্রিয়া ও জবাবদিহিমূলক কার্যক্রম শক্তিশালী (strengthen) করা।

২। প্রকল্পটির মাধ্যমে প্রকল্পভুক্ত এলাকায় ২১ জেলার বিভিন্ন পর্যায়ের জনপ্রতিনিধিদের জবাবদিহি ও অন্তর্ভুক্তি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হবে (জেলা ও উপজেলার তালিকা সংযুক্ত)। উক্ত প্রশিক্ষণ যথাযথভাবে সম্পাদনের নিমিত্ত প্রকল্প সংশ্লিষ্ট ২১টি জেলার উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ এবং ২১টি উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তাদের সমন্বয়ে জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (NILG), আগারগাঁও, ঢাকায় আগামী ৫-৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে দিনব্যাপি অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার), জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকারসহ বিভিন্ন বিষয়ে ToT প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণ পরবর্তীতে প্রকল্প সংশ্লিষ্ট ২১টি উপজেলার জনপ্রতিনিধিদের সমন্বয়ে প্রশিক্ষণের আয়োজনসহ উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন। উল্লেখ্য যে, উক্ত প্রশিক্ষণ ব্যয় সংশ্লিষ্ট প্রকল্প হতে বহন করা হবে।

৩। এমতাবস্থায়, আগামী ৫-৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (NILG) আগারগাঁও, ঢাকায় অনুষ্ঠিতব্য ToT প্রশিক্ষণে তাঁর জেলার উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ (DDLG) এবং প্রকল্প সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অংশগ্রহণের নিমিত্ত মনোনয়ন প্রদানসহ যথাসময়ে উপস্থিত থাকার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য প্রশিক্ষণটি সম্পূর্ণ আবাসিক।

সংযুক্তি: জেলা ও উপজেলার নামের তালিকা।

(মোহাম্মদ জাহেদুর রহমান)
উপসচিব

ফোনঃ ৯৫১৩৬০১

ই-মেইল: gg_sec@cabinet.gov.bd

বিতরণ:

জেলা প্রশাসক

পটুয়াখালী/পিরোজপুর/বান্দরবান/ফেনী/ব্রাহ্মণবাড়িয়া/মুন্সীগঞ্জ/গোপালগঞ্জ/কিশোরগঞ্জ/ জামালপুর/নেত্রকোনা/
বাগেরহাট/যশোর/কুষ্টিয়া/রাজশাহী/নাটোর/পাবনা/পঞ্চগড়/নীলফামারী/গাইবান্ধা/মৌলভীবাজার/সুনামগঞ্জ।

অবগতি ও কার্যার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ডিপিডি, 'Platforms for Dialogue প্রজেক্ট
২. সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. CSO Lead, 'Platforms for Dialogue' প্রকল্প
৪. অফিস কপি/নথি।

জেলা ও উপজেলার নামের তালিকা

ক্রমিক	জেলার নাম	উপজেলার নাম
১.	পটুয়াখালী	পটুয়াখালী সদর
২.	পিরোজপুর	পিরোজপুর সদর
৩.	বান্দরবান	বান্দরবান সদর
৪.	ফেনী	দাগন ডুইয়া
৫.	ব্রাহ্মণবাড়িয়া	সরাইল
৬.	মুন্সীগঞ্জ	সিরাজদিখান
৭.	গোপালগঞ্জ	গোপালগঞ্জ সদর
৮.	কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ সদর
৯.	জামালপুর	ইসলামপুর
১০.	নেত্রকোনা	পূর্বধলা
১১.	বাগেরহাট	কচুয়া
১২.	যশোর	অভয়নগর
১৩.	কুষ্টিয়া	কুষ্টিয়া সদর
১৪.	রাজশাহী	পবা
১৫.	নাটোর	নাটোর সদর
১৬.	পাবনা	পাবনা সদর
১৭.	পঞ্চগড়	পঞ্চগড় সদর
১৮.	নীলফামারী	কিশোরগঞ্জ
১৯.	গাইবান্ধা	গাইবান্ধা সদর
২০.	মৌলভীবাজার	শ্রীমঙ্গল
২১.	সুনামগঞ্জ	বিশ্বম্ভপুর

(৩৫)